৩০

দৈনিক ইত্তেফাক

তারিখ 25 JAN 1994
পৃষ্ঠা ৭২ কলাম ৭

# ৩২ শত আসনের জন্য ৩২ হাজার আবেদনপত্র

উত্তম কুমার দাস ॥ রাজশাহী বিশ্ববিদ্যালয়ের প্রথম বর্ষ অনার্স শ্রেণীর ( শিক্ষাবর্ষ ১৯৯৩-৯৪ ) তিন হাজার দুইশত ২৫টি আসনে ভর্তির জন্য ৩২ হাজার ৬৩টি আবেদনপত্র জমা পড়িয়াছে। প্রতিটি আসনের জন্য গড়ে প্রায় দশটি আবেদনপত্র জমা পড়ে। একই ছাত্র-ছাত্রী একাধিক আবেদনপত্র জমা দিয়াছে। গত ৫ই হইতে ২৩শে জানুয়ারী পর্যন্ত আবেদনপত্র বিতরণ করা ও জমা নেওয়া হয়। ১৯৯২-৯৩ শিক্ষাবর্ষে তিন হাজার ১ শত ৫০টি আসনের জন্য ২৯ হাজার ৯ শত ৩৬টি আবেদনপত্র জমা পড়ে। এইবারই প্রথম কম্পিউটার সাইন্স বিভাগে ১৫ জন ছাত্র-ছাত্রী ভর্তি করা হইবে। চলতি শিক্ষাবর্ষে আসন অনুপাতে আইন অনুষদে বেশী আবেদনপত্র জমা পড়িয়াছে। অনুষদের একমাত্র আইন বিভাগের একশত আসনের জন্য ৪ হাজার ৭৪টি। আবেদনপত্র জমা পড়িয়াছে। আসন প্রতি ৪০টিরও অধিক। গতবার এই বিভাগে তিন হাজার সাতশত ৩০টি আবেদনপত্র জমা পড়ে। এইবার কলা অনুষদের সাতটি নয় শত ১৫টি আসনের জন্য ছয় হাজার ছয়শত ৪৮টি; সামাজিক বিজ্ঞান অনুষদের সাতটি বিভাগের ছয়শত ৩০টি আসনের জন্য আট হাজার দুইশত ৮৫টি; বিজ্ঞান অনুষদের ৯টি বিভাগের ছয়শত ৪৫টি আসনের জন্য পাঁচ হাজার ছয়শত ৬৯টি; জীব ও বিজ্ঞান অনুষদের পাঁচটি বিভাগের তিনশত ৬৫টি আসনের জন্য তিন হাজার পাঁচশত ৪৭টি এবং ব্যবসায় ও বাণিজ্য অনুষদের চারটি বিভাগের পাঁচশত আসনের জন্য তিনহাজার আটশত ৪০টি আবেদনপত্র জমা পড়িয়াছে। ২৬শে ফেব্রুয়ারী হইতে ৩রা মার্চ পর্যন্ত ভর্তি পরীক্ষা হইবে।